# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পুরুষের সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পুরুষের সাজ-সজ্জা বিষয়ে

মানুষের দেহ, অঙ্গ-প্রত্যঙ্গ আল্লাহর দেওয়া এক একটি নেয়ামত। অঙ্গ-বিকৃতি বৈধ নয়, কারণ তাতে আল্লাহর সৃষ্টির পরিবর্তন হয়। আর আল্লাহর সৃষ্টির পরিবর্তন ঘটানোতে আল্লাহর অনুমতি নেই। অবশ্য মানুষ হিসাবে তা ৫ প্রকার হতে পারে। বৈধ, মুস্তাহাব, ওয়াজেব, হারাম ও মকরূহ। যেমন দেহের (বুকের বা জাঙ্গের) লোম তুলে ফেলা বৈধ। বোগল ইত্যাদির লোম (৪০ দিনের আগে আগে) পরিষ্কার করা মুস্তাহাব। নাভির নিচের লোম (৪০ দিন পার হলে) সাফ করে ফেলা ওয়াজেব। দাড়ি চেঁছে ফেলা হারাম এবং মোচ চেঁছে ফেলা মকরূহ।

কিছু কেটে ফেলা নির্দিষ্ট সময়ে হারাম; যেমন ইহরামে বা যিলহজ্জের প্রথম ৯ দিনে নখ-চুল-চামড়া কাটা হারাম। আবার নাক ইত্যাদি অঙ্গ ক্ষয় হয়ে গেলে প্লাস্টিক সার্জারি করে সৌন্দর্য আনা বৈধ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন